

## একুশের গান

আমান ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী  
আমি কি ভুলতে পারি  
ছেলেহারা শত মায়ের অশ্রু-গড়া এ ফেব্রুয়ারী  
আমি কি ভুলতে পারি  
আমার সোনার দেশের রক্ত রাঙানো ফেব্রুয়ারী  
আমি কি ভুলতে পারি ॥

জাগো নাগিনীরা জাগো নাগিনীরা জাগো কালবোশেখীরা  
শিশু হত্যার বিক্ষোভে আজ কাঁপুক বসুম্বরা,

দেশের সোনার ছেলে খুন করে রোখে মানুষের দাবী  
দিন বদলের ত্রাস্তি লগনে তবু তোরা পার পাবি?  
না, না, না, না, খুন রাঙা ইতিহাসে শেষ রায় দেওয়া তারই  
একুশে ফেব্রুয়ারী একুশে ফেব্রুয়ারী ॥

সেদিনো এমনি নীল গগনের বসনে শীতের শেষে  
রাত জাগা চাঁদ চুমো খেয়েছিল হেসে;  
পথে পথে ফোটে রজনীগন্ধা অলকনন্দা জেনো,  
এমন সময় বাড় এলো এক, বাড় এলো ফ্যাপা বুনো ॥  
সেই আঁধারের পশুদের মুখ চেনা,  
তাহাদের তরে মায়ের, বোনের, ভায়ের চরম ঘৃণা  
ওরা গুলি ছোঁড়ে এদেশের প্রাণে দেশের দাবীকে রোখে  
ওদের ঘৃণা পদাঘাত এই বাংলার বুকে  
ওরা এদেশের নয়,  
দেশের ভাগ্য ওরা করে বিত্রয়  
ওরা মানুষের অন্ন, বস্ত্র, নিয়েছে কাড়ি  
একুশে ফেব্রুয়ারী একুশে ফেব্রুয়ারী ॥

তুমি আজ জাগো তুমি আজ জাগো একুশে ফেব্রুয়ারী  
আজো জালিমের কারাগারে মরে বীর ছেলে বীর নারী  
আমার শহীদ ভাইয়ের আত্মা ডাকে  
জাগো মানুষের সুপ্ত শক্তি হাতে মাঠে ঘাটেবঁাকে  
দাণ ত্রোধের আগুনে আবার জ্বালবো ফেব্রুয়ারী  
একুশে ফেব্রুয়ারী একুশে ফেব্রুয়ারী ॥



আবদুল গাফ্ফার চৌধুরী

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com